# মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস- ২০২১ অনুষ্ঠান উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ প্রিয়াংকা দেবী পাল, উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া, নাটোর ।

স্থান ঃ "বড়াল" সভাকক্ষ, বাগাতিপাড়া, নাটোর ।

তারিখ ঃ ১৪.০২.২০২১ খ্রিঃ সময় বেলা ১১.০০ টা ।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট 'ক'

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে মহান ভাষা আন্দোলনে বীর শহিদদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন। অতঃপর মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উদযাপন উপলক্ষে জেলা প্রশাসক, নাটোর মহোদয়ের কার্যালয়ের ০৯.০২.২০২১ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। জেলা প্রশাসনের সাথে সংগতি রেখে বাগাতিপাড়া উপজেলায় দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের বিষয়ে প্রস্তাবনা রাখার জন্য সভাপতি উপস্থিত সকলকে আলোচনায় অংশ গ্রহণের জন্য আহবান জানান। মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ এর মর্যাদা ও গুরুত্ব তুলে ধরে বাগাতিপাড়া মডেল থানার অফিসার ইনচার্জ এর প্রতিনিধি হিসেবে অফিসার ইনচার্জ (তদন্ত) জনাব এস.এম আবু সাদাত, অধ্যাপক জনাব মোঃ আবুল হোসেন, সভাপতি, উপজেলা আওয়ামীলীগ, বীর মুক্তিযোদ্ধা জনাব শ্যামল কুমার রায়, বারইপাড়া সভায় বক্তব্য রাখেন। এ সময় সকলেই মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ এর সকল পুষ্পস্তবক কর্মসূচি কেন্দ্রীয় শহিদ মিনার চত্বরে আয়োজন করার জন্য মতামত ব্যক্ত করেন। এছাড়া বাগাতিপাড়া পাইলট মডেল সরকারি উচ্চ বিদ্যালয় চত্বরে এবং তমালতলায় অবস্থিত ঐতিহ্যবাহী শহিদ মিনার দুটিকে দৃষ্টিনন্দনভাবে সজ্জিত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষগণকে অনুরোধ জানানো হয়। উক্ত দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য একটি কেন্দ্রীয় কমিটি গঠনের প্রস্তাব করা হয়। উপস্থিত সদস্যগণ কেন্দ্রীয় কর্মসূচির আলোকে কর্মসূচি গ্রহণের জন্য সভাপতি সাহেব কে অনুরোধ জানান। জাতীয় পতাকার রং ও অন্যান্য সৌন্দর্য সমুন্নত রাখার বিষয়ে সভায় বিশদ আলোচনা করা হয় । আলোচনান্তে সরকারি বিধি মোতাবেক পতাকা প্রস্তুত এবং অর্ধনমিত রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। উপজেলার নিকটস্থ সকল প্রাথমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও কলেজের ছাত্র-ছাত্রীসহ কেন্দ্রীয় শহিদ মিনারে উপস্থিত থেকে দিবসটিকে যথাযোগ্য মর্যাদায় পালনে সহযোগিতা করার জন্য সকলকে অনুরোধ করা হয় ।

**দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের নিমিত্ত বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত কর্মসূচি গৃহীত হয়।**

| তারিখ | সময় | স্থান | অনুষ্ঠান/কর্মসূচী | ব্যবস্থাপনায়/উপ-কমিটি |
|---|---|---|---|---|
| ১৭.০২.২০২১ ও ১৮.০২.২০২১ | সকাল ১১.০০টা | উপজেলা পরিষদ বড়াল সভাকক্ষ | চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার-আহবায়ক<br>২. উপজেলা সমাজসেবা অফিসার-সদস্য<br>৩. উপজেলা শিক্ষা অফিসার-সদস্য |
| ২১.০২.২০২১ (২০.০২.২০২১ দিবাগত রাত্রি) | রাত ১২.০১ মিনিট | উপজেলা কেন্দ্রীয় শহিদ মিনার চত্বর বাগাতিপাড়া | উপজেলা কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পাঞ্জলি অর্পণ | উপজেলা প্রশাসন ও পরিষদের কর্মকর্তা/কর্মচারী ও বিভিন্ন রাজনৈতিক দল, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও সুধীবৃন্দ। |
| ২১.০২.২০২১ | সূর্যোদয়ের সাথে সাথে | বিভিন্ন সরকারি/ বেসরকারি ভবন | সকল সরকারি ও বেসরকারি দপ্তর/ শিক্ষা প্রতিষ্ঠান/ বেসরকারী ভবনে জাতীয় পতাকা বিধিমতে অর্ধনমিত ভাবে উত্তোলন । | স্ব-স্ব প্রতিষ্ঠান/ভবন কর্তৃপক্ষ |
| ২১.০২.২০২১ | বিকাল ৪.০০ টা | উপজেলা পরিষদ জিমনেসিয়াম, বাগাতিপাড়া | আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান | ১.উপজেলা কৃষি অফিসার,বাগাতিপাড়া- আহবায়ক<br>২.অধ্যক্ষ,তমালতলা কৃষি ও কারিগরি কলেজ- সদস্য<br>৩.সভাপতি/সম্পাদক,উপজেলা আওয়ামীলীগ- সদস্য<br>৪. মোঃ নুরুল ইসলাম ঠান্টু,সহ সভাপতি,উপজেলা আওয়ামীলীগ- সদস্য<br>৫. মোছাঃ ফরিদা পারভিন, সভাপতি,মহিলা আঃ লীগ- সদস্য<br>৬. জনাব মোঃ আশরাফুল আলম খান ডাবলু-, সদস্য জাতীয় পার্টি কেন্দ্রীয় কমিটি, ও সিনিয়র সহঃ সভাপতি, জেলা জাতীয় পার্টি, নাটোর- সদস্য<br>৭ জনাব মোঃ আজাদ হোসেন, সাবেক ডেপুটি কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, বাগাতিপাড়া- সদস্য |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | ০৮.প্রধান শিক্ষক,নুরপুর মালঞ্চি উচ্চ বিদ্যালয়- সদস্য<br>০৯. অধ্যক্ষ, সাইলকোনা ডিগ্রি কলেজ- সদস্য<br>১০. অধ্যক্ষ,বাগাতিপাড়া মহিলা ডিগ্রি কলেজ- সদস্য<br>১১. অধ্যক্ষ, বাগাতিপাড়া বিএম কলেজ- সদস্য<br>১২.প্রধান শিক্ষক,নুরপুর মালঞ্চি উচ্চ বিদ্যালয়- সদস্য<br>১৩. জনাব মোঃ আরশাদ মাহামুদ, প্রশিক্ষক, উপজেলা শিল্পকলা একাডেমী- সদস্য<br>১৪. সভাপতি, প্রেসক্লাব, বাগাতিপাড়া- সদস্য |
| ২১.০২.২০২১ | বাদ যোহর/ সুবিধাজনক সময়ে | মসজিদ/মন্দির/গীর্জা প্যাগোডা অন্যান্য উপসনালয় । | ভাষা শহিদদের রুহের মাগফিরাত কামনা করে বিশেষ মোনাজাত/প্রার্থনা । | স্ব-স্ব মসজিদের ইমাম এবং মন্দির/গীর্জা/প্যাগোডার পুরোহিতগণ<br>১. ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বাগাতিপাড়া- আহবায়ক<br>২. জনাব মোঃ শামসুল আরেফীন, সুপার, পেড়াবাড়ীয়া দাখিল মাদ্রাসা, বাগাতিপাড়া- সদস্য<br>৩. জনাব মোঃ নুরুজ্জামান, পেশ ইমাম, উপজেলা জামে মসজিদ, বাগাতিপাড়া- সদস্য<br>৪. শ্রী সুকুমার মুখার্জী,পুরোহিত, মালঞ্চিবাজার কালী মাতার মন্দির- সদস্য<br>৫. জনাব যোহন বেশরা, পাঁচুড়িয়া গীর্জা,- সদস্য |

উল্লেখিত কর্মসূচি বাস্তবায়নের জন্য সর্ব সম্মতিক্রমে নিম্নরুপভাবে কেন্দ্রীয় কমিটি গঠন করা হলো ।

## কেন্দ্রীয় কমিটি

| ক্র.নং | নাম/পদবী | কমিটিতে পদবী |
|---|---|---|
| ১. | জনাব মোঃ শহিদুল ইসলাম বকুল, মাননীয় সংসদ সদস্য, ৫৮-নাটোর-১ | প্রধান উপদেষ্টা |
| ২. | জনাব মোঃ অহিদুল ইসলাম গকুল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বাগাতিপাড়া, নাটোর | উপদেষ্টা |
| ৩. | উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া, নাটোর | সভাপতি |
| ৪. | সহকারী কমিশনার (ভূমি), বাগাতিপাড়া, নাটোর | সদস্য |
| ৫. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজলা পরিষদ, বাগাতিপাড়া, নাটোর | সদস্য |
| ৬. | ভাইস চেয়ারম্যান, উপজলা পরিষদ, বাগাতিপাড়া, নাটোর | সদস্য |
| ৭. | অফিসার ইনচার্জ, বাগাতিপাড়া মডেল থানা | সদস্য |
| ৮. | সকল বিভাগীয় কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর | সদস্য |
| ৯. | মেয়র,বাগাতিপাড়া পৌরসভা, উপজেলা বাগাতিপাড়া, নাটোর | সদস্য |
| ১০. | সভাপতি/সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ/ জাতীয় পার্টি/ বিএনপি / ওয়ার্কাস পার্টি/জাসদ বাগাতিপাড়া, নাটোর | সদস্য |
| ১১. | অধ্যক্ষ, বাগাতিপাড়া সরকারি ডিগ্রি কলেজ, বাগাতিপাড়া, নাটোর | সদস্য |
| ১২. | অধ্যক্ষ, তমালতলা কৃষি ও কারিগরি কলেজ, বাগাতিপাড়া, নাটোর | সদস্য |
| ১৩. | অধ্যক্ষ, বাগাতিপাড়া মহিলা ডিগ্রি কলেজ, বাগাতিপাড়া, নাটোর | সদস্য |
| ১৪ | অধ্যক্ষ, বাগাতিপাড়া বি,এম কলেজ, বাগাতিপাড়া, নাটোর | সদস্য |
| ১৫. | প্রধান শিক্ষক, বাগাতিপাড়া সরকারি মডেল পাইলট উচ্চ বিদ্যালয়, বাগাতিপাড়া, নাটোর | সদস্য |
| ১৬. | প্রধান শিক্ষক, লক্ষণহাটি উচ্চ বিদ্যালয়, বাগাতিপাড়া, নাটোর | সদস্য |
| ১৭. | সুপার, পেড়াবাড়ীয়া দাখিল মাদ্রাসা, বাগাতিপাড়া, নাটোর | সদস্য |
| ১৮. | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), উপজেলা বাগাতিপাড়া, নাটোর | সদস্য |
| ১৯. | সভাপতি, উপজেলা যুবলীগ, বাগাতিপাড়া, নাটোর | সদস্য |
| ২০. | সম্পাদক, উপজেলা যুবলীগ, বাগাতিপাড়া, নাটোর | সদস্য |
| ২১. | জনাব মোঃ আশরাফুল আলম ডাবলু, সদস্য, জাতীয় পার্টি কেন্দ্রীয় কমিটি ও সিনিয়র সহঃ সভাপতি, জেলা জাতীয় পাটি, নাটোর | সদস্য |
| ২২. | জনাব বজরংলাল আগরওয়ালা, সভাপতি, দুর্নীতি প্রতিরোধ কমিটি,বাগাতিপাড়া | সদস্য |
| ২৩. | জনাব মোঃ আজাদ হোসেন, সাবেক ডেপুটি কমান্ডার, বাগাতিপাড়া, নাটোর | সদস্য |
| ২৪. | জনাব শ্যামল কুমার রায়, বীর মুক্তিযোদ্ধা, সাং- বারইপাড়া, বাগাতিপাড়া, নাটোর | সদস্য |
| ২৫. | জনাব মোঃ আল মামুন, সাধারণ সম্পাদক, উপজেলা ক্রীড়া সংস্থা, বাগাতিপাড়া, নাটোর | সদস্য |
| ২৬. | জনাব মোঃ মাহাতাব উদ্দিন, সভাপতি, উপজেলা প্রেসক্লাব, বাগাতিপাড়া, নাটোর | সদস্য |

### জাতীয় পতাকা উত্তোলন পর্যবেক্ষণ উপ-কমিটি ঃ

| | | |
|---|---|---|
| ০১ | অফিসার ইন চার্জ, বাগাতিপাড়া মডেল থানা, বাগাতিপাড়া, নাটোর | আহবায়ক |
| ০২ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাগাতিপাড়া, নাটোর | সদস্য |
| ০৩ | উপজেলা শিক্ষা অফিসার, বাগাতিপাড়া, নাটোর | সদস্য |
| ০৪ | সভাপতি/সম্পাদক,বাংলাদেশ আওয়ামীলীগ/বিএনপি/জাতীয় পার্টি/ওয়ার্কাস পার্টি | সদস্য |
| ০৫ | সভাপতি/সম্পাদক,উপজেলা প্রেসক্লাব, বাগাতিপাড়া, নাটোর | সদস্য |
| ০৬ | জনাব মোঃ নুরুল ইসলাম ঠান্টু, সহ-সভাপতি, উপজেলা আওয়ামীলীগ, বাগাতিপাড়া | সদস্য |

**অন্যান্য সিদ্ধান্তসমূহঃ**

(১) মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ এর গৃহীত কর্মসূচীতে প্রয়োজনীয় নিরাপত্তা বিধানের জন্য অফিসার ইনচার্জ, বাগাতিপাড়া মডেল থানা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং তাদের সঙ্গে বাংলাদেশ স্কাউটস, বাগাতিপাড়া শাখা সার্বিক সহযোগিতা করবে।

(২) জাতীয় দিবস অগ্রাধিকার বিবেচনায় দিবসের সকল কর্মসূচীতে কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে উপজেলার সকল বিভাগীয় কর্মকর্তাগণ অংশ গ্রহণ নিশ্চিত করবেন ।

(৩) উপজেলা পরিষদের নিকটতম শিক্ষা প্রতিষ্ঠান সমুহের শিক্ষক/ছাত্র-ছাত্রীগণকে কেন্দ্রীয় কর্মসূচীতে অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(৪) মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ এর গৃহীত কর্মসূচী স্থানীয় পত্রিকায় বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি উপজেলা প্রেসক্লাবকে অনুরোধ করা হলো ।

(৫) মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ সকল শিক্ষা প্রতিষ্ঠানে যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন ।

(৬) দিবসের উপর জাতীয় ও উপজেলার কর্মসূচীর সাথে সংগতি রেখে প্রতিটি ইউনিয়ন পরিষদ সমূহ অনুরূপ কর্মসূচী বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন ।

(৭) মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ এর গৃহীত কর্মসূচীতে প্রয়োজনীয় সংখ্যক ডাক্তার নিয়োগ করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার ব্যবস্থা গ্রহণ করবেন ।

(৮) মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উপলক্ষে সঠিক মাপে ও রংয়ের জাতীয় পতাকা অর্ধনমিত ভাবে উত্তোলন করতে হবে। বিশেষ করে বাজারে সকল দোকানে পতাকা সঠিকভাবে উত্তোলন করার জন্য সকল বাজার কমিটির সভাপতিকে পত্র প্রেরণ করার এবং গৃহীত কর্মসূচীতে সর্বস্তরের জনগণের স্বত:স্ফুর্ত অংশগ্রহণের নিমিত্তে মাইকিং করা হবে ।

(৯) প্রত্যেকটি ইউনিয়নে ০১টি শিক্ষা প্রতিষ্ঠানে বঙ্গবন্ধুর জীবন ভিত্তিক প্রামাণ্য চিত্র প্রদর্শনী হবে এবং এ বিষয়ে ইউপি চেয়ারম্যানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।

(১০) মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ এর আলোচনা সভায় ভাষা আন্দোলনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদান সংক্রান্ত বিষয়ে আলোচনা অন্তর্ভুক্ত থাকবে।

(১১) ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠি তাদের নিজস্ব সংস্কৃতি অনুযায়ী উপজেলা প্রশাসনের সাথে সঙ্গতি রেখে সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন।

(১২) দিবস উপলক্ষে সকল ভেন্যুতে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য এজিএম, বাগাতিপাড়া সাবজোনাল অফিস, নাটোরকে অনুরোধ করা হলো।

(১৩) কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে নিরাপদ দূরত্ব বজায় রেখে শহিদ মিনারে আসার এবং পুষ্পস্তবক অর্পণের ক্ষেত্রে প্রতিটি সংগঠনের সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উদযাপনের সকল কর্মসূচিতে সংশ্লিষ্ট সকলকে অংশগ্রহণের আমন্ত্রণ ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

২৪/০২/২১

(প্রিয়াংকা দেবী পাল)
উপজেলা নির্বাহী অফিসার
বাগাতিপাড়া, নাটোর।
ফোন: ০৭৭২২-৭২০০১
ই-মেইল: unobagatipara@mopa.gov.bd

২৪/০২/২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাগাতিপাড়া,নাটোর
www.bagatipara.natore.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৬৯০৯.০০০.১৪.০০৩.২০. ১৫৬

তারিখঃ ০১ ফাল্গুন ১৪২৭ / ১৪ ফেব্রুয়ারি ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ-

(১) জনাব মোঃ শহিদুল ইসলাম (বকুল), মাননীয় সংসদ সদস্য, ৫৮-নাটোর-১ (লালপুর-বাগাতিপাড়া)।
(২) জেলা প্রশাসক,নাটোর।
(৩) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগাতিপাড়া, নাটোর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ-

(৪) মেয়র, বাগাতিপাড়া পৌরসভা, বাগাতিপাড়া, নাটোর।
(৫) অফিসার ইনচার্জ, বাগাতিপাড়া, মডেল থানা, বাগাতিপাড়া, নাটোর।
(৬) উপজেলা..................................অফিসার, বাগাতিপাড়া,নাটোর।
(৭) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ,পাঁকা/জামনগর/বাগাতিপাড়া/দয়ারামপুর/ফাগুয়াড়দিয়াড়, বাগাতিপাড়া, নাটোর।
(৮) জনাব ..................................................................................................................।
(৯) অফিস কপি।

১৪/০২/২১

(প্রিয়াংকা দেবী পাল)
উপজেলা নির্বাহী অফিসার
বাগাতিপাড়া,নাটোর
ফোন: ০৭৭২২-৭২০০১
ই-মেইল: unobagatipara@mopa.gov.bd

১৪/০২/২১